## বাংলাদেশ ওয়াকফ প্রশাসকের কার্যালয় ৪, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০

ফোনঃ ৯৩৫৭৬৮২, ফ্যাক্স # ৯৩৫৭১৭৫ ই-মেইল # waqlad@yahoo.com, website <u>www.waqtbd.com</u>

স্মারক নং- ওঃগ্রাঃ/৮/৯৬/৪র্থখন্ড/২১

তারিখঃ ৩০/০৮/২০১০ ইং

বিষয়ঃ ওয়াকফ প্রশাসক, বাংলাদেশ এর অনুমোদন ব্যতীত ওয়াকফ সম্পত্তি রেজিস্ট্রেশন না করা প্রসঞ্চো।

উপরোক্ত বিষয়ে তার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ১৯৬২ সালের ওয়াকৃফ অধ্যাদেশের ৫৬ ধারা মোতাবেক ওয়াকৃফ প্রশাসকের অনুমোদন ব্যতিরেকে ওয়াক্ফ স্থাবর সম্পক্তি মোতাওয়াল্লী কর্তৃক বিক্রয়, দান, বন্ধক বা বিনিময় বৈধ নয়। উক্ত ধারায় বলা হয়েছে-

(56)(1) No transfer by a mutawalli of any immovable property of waqf by way of sale. gift mortgage or exchange, or by way of lease for a term exceeding 5 years shall be valid without the previous sanction of the Administrator.

## (2) \*\*\*\*\*

- (3) In the absence of the sanction required by sub-section (1) any transfer made by a mutawalli shall be declared void, if the Administrator, within 4 months of his coming to know of such transfer, or within 3 years from the date of such transfer, whichever is later, applies to the Civil Court in this behalf.
- ২। অত্যন্ত উদ্বেগের সঞ্চো লক্ষ্য করা যাচ্ছে যে, দেশের বিভিন্ন স্থানে ছড়িয়ে ছিটিয়ে থাকা ওয়াক্ফ সম্পতি মোতাওয়াল্লী বা কোন মহল অবৈধ লোভ চরিতার্থের জন্য ওয়াক্ফ প্রশাসকের অনুমোদন ব্যতিরেকেই সাব-রেজিস্ট্রার অফিসে রেজিস্ট্রি করে বিক্রয়, দান করছেন। ফলে উক্ত সম্পত্তি বিক্রয়জনিত মারাত্মক আইনগত জটিলতার উদ্ভব হচ্ছে। সাব-রেজিস্ট্রারগণ ওয়াক্ফ সম্পত্তি ওয়াক্ফ প্রশাসকের অনুমোদন ছাড়া রেজিস্ট্রি না করলে এ জটিলতা অনেকাংশে হ্রাস পেত।
- ৩। উল্লেখিত অবস্থায়, ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ-এর অনুমোদন ব্যতিত কোন ওয়াক্ফ সম্পত্তির বিক্রয়, দান, বন্ধক বা বিনিময় দলিল রেজিস্ট্রি না করার জন্য তার নিয়ন্ত্রণাধীন সাব-রেজিস্ট্রারগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

স্বাঃ/অস্পষ্ট
২৩/০৮/২০১০

ড. মোঃ হাফিজুর রহমান ভূঞা
(অতিরিক্ত সচিব)

গুয়াকফ প্রশাসক, বাংলাদেশ।

মহা-পরিদর্শক নিবন্ধন পরিদপ্তর, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা।

অনলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

৩। সাব-রেজিস্ট্রার,----- জেলা।

ড. মোঃ হাফিজুর রহমান ভূঞা (অতিরিক্ত সচিব) ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ।

স্মারক নং-নিপ/রেজিঃ শাঃ-৫/২০৫৬৯ (৬৫)

তারিখঃ ২০/০৯/২০১০ ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে প্রেরণ করা হইলঃ

- ১। পরিদর্শক, পশ্চিমাঞ্চল/পূর্বাঞ্চল, নিবন্ধন পরিদপ্তর, ঢাকা।
- ২। জেলা-রেজিস্ট্রার,..... (সকল)। ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ এর অনুমোদন ব্যতীত কোন ওয়াক্ফ সম্পত্তি বিক্রয় দান, বন্ধক বা বিনিময় দলিল রেজিস্ট্রি না করিবার জন্য তাহার জেলাধীন সকল সাব-রেজিস্ট্রারগণকে নির্দেশ প্রদান করিতে বলা হইল।
- ৩। প্রশাসনিক কর্মকর্তা, নিবন্ধন পরিদপ্তর, ঢাকা।
- ৪। প্রধান সহকারী, নিবন্ধন পরিদপ্তর, ঢাকা।
- ৫। শাখা প্রধান, রেজিস্ট্রেশন শাখা, নিবন্ধন পরিদপ্তর, ঢাকা।

স্বাঃ/অস্পাষ্ট
২০/০৯/২০১০
(মুন্সী নজরুল ইসলাম)
মহা-পরিদর্শক, নিবন্ধন (চলতিদায়িত্ব)
বাংলাদেশ, ঢাকা।